# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 03-01-2025** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) কেন্দ্র, ২০৩০ সালের মধ্যে বস্ত্রশিল্পজাত পণ্যের চাহিদা ৩০০ বিলিয়ন ডলার করার লক্ষ্যমাত্রা নিয়েছে। কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রী গিরি রাজ সিং আজ কলকাতায় একথা জানান।

কেন্দ্রের বিভিন্ন উদ্যোগ রাজনীতির ঊর্দ্ধে উঠে সাধারণ মানুষের কাছে পৌঁছ দিতে তিনি মুখ্যমন্ত্রীর প্রতি আবেদন জানান।

২) বীরভূমে দৈউচা পাচামী প্রকল্পের অগ্রগতি নিয়ে মুখ্যমন্ত্রী অসন্তোষ প্রকাশ করার পর তার নির্দেশে মুখ্যসচিব আজ ওই এলাকা পরিদর্শন করছেন।

৩) স্কুলের শিক্ষকদের হাজিরা সংক্রান্ত নিয়ম আরও কঠোর করা হচ্ছে।

৪) জোরালো উত্তুরে হাওয়ায় রাজ্যের তাপমাত্রা নিম্নমুখী।

৫) সেকেন্দ্রাবাদে আজ বিজয় হাজারে ট্রফি ক্রিকেটে বাংলা বিহারকে ৬ উইকেটে হারিয়ে দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্র ২০৩০ সালের মধ্যে বস্ত্রশিল্পজাত পণ্যের চাহিদা ৩০০বিলিয়ন ডলার করার লক্ষ্যমাত্রা নিয়েছে। কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রী গিরি রাজ সিং আজ কলকাতায় আইসিএআর ন্যাশনাল ইনস্টিটিউট অফ ন্যাচারাল ফাইবার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজির ৮৭-তম প্রতিষ্ঠা দিবসে একথা বলেন। বর্তমানে বস্ত্রশিল্পে ১৭৬-বিলিয়ন ডলারের বাজার চাহিদা এই লক্ষ্য পূরণে পাট শিল্পে বিশেষ অবদানের কথা উল্লেখ করে কেন্দ্রীয় মন্ত্রী এই কাজে প্রাকৃতিক তন্তুর উৎপাদন বৃদ্ধি ও চট কলগুলিকে সক্রিয় ভূমিকা গ্রহণের আবেদন জানান। তার অভিযোগ,পাট শিল্পের অগ্রগতিতে রাজ্য সরকার সহযোগিতা করছে না। কেন্দ্রের বিরোধিতা করে কৃষকদের প্রতি অবিচার করা উচিত নয় বলে তিনি দাবি করেন। পাট শিল্পের অগ্রগতিতে কেন্দ্রীয় সরকার যে সব উদ্যোগ নিয়েছে, কৃষক ও শ্রমিকদের স্বার্থে রাজনীতির উর্ধ্বে উঠে সেইগুলি প্রত্যেকের কাছে পৌঁছে দিতে শ্রী সিং মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানান।

(বাইট – গিরিরাজ)

এর আগে গিরিরাজ সিং উত্তর ২৪ পরগনার সোদপুরে এক বেসরকারি সংস্থায় কেন্দ্রের অনিনস্ত সংস্থা নিনফেটের প্রযুক্তি দিয়ে তৈরি প্রাকৃতিক তন্তু উৎপাদনের তিনটি যন্ত্রের উদ্বোধন করেন। ঐ সংস্থাটি ঘুরে দেখার পাশাপাশি তিনি একাধিক জুটমিল মালিকের সঙ্গে কথা বলেন।

নিনফেটের অধিকর্তা ডক্টর ডি বি সাক্যাওয়াড় বলেন, যন্ত্র নির্মাতা ও ছোট শিল্পপতিদের সুবিধা দিতে তিনটি ছোট যন্ত্র তাদের প্রযুক্তি দিয়ে তৈরি হয়েছে। এগুলি ব্যবহার করে বিভিন্ন উপাদানের সামগ্রী তৈরি করা যাবে।

( বাইট – নিনফেটের অধিকর্তা)

০০০০০০০০০০০০০০০০০০

নদীয়ার শান্তিপুরের ফুলিয়ায় আগামীকাল ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ হ্যান্ডলুম টেকনোলজির নিজস্ব ক্যাম্পাসের শুভ উদ্বোধন হবে। কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রী গিরিরাজ সিং এর উদ্বোধন করবেন ।

উল্লেখ্য ২০১৫ সাল থেকে এটি চালু হওয়ার পর  তা চলত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে। কেন্দ্রীয় সরকারের সহযোগিতায়  প্রায় ৪০ কোটি টাকা ব্যয়ে এটি নির্মাণ করা হয়েছে । তৈরি  হয়েছে স্মার্ট ক্লাসরুম ,ছেলে ও মেয়েদের পৃথক হোস্টেল, কনফারেন্স রুম, অত্যাধুনিক ল্যাবরেটরি, প্রশাসনিক ভবন ইত্যাদি। এখানে হ্যান্ডলুম এন্ড টেক্সটাইল টেকনোলজি তিন বছরের ডিপ্লোমা কোর্স করানো হয়। পশ্চিমবঙ্গ ছাড়াও বিহার ,ঝাড়খন্ড সিকিম এর শিক্ষার্থীরা এখানে ভর্তি সুযোগ পাবে। ছাত্র ছাত্রীরা মাসিক আড়াই হাজার টাকা করে বৃত্তি  পেয়ে থাকে।

০০০০০০০০০০০০০০০০০০০

মুখ্যমন্ত্রী নিজের সরকারের ব্যর্থতা আড়াল করতে অনুপ্রবেশে, সীমান্তরক্ষী বাহিনীর উপর দায় চাপাচ্ছেন বলে কেন্দ্রীয়মন্ত্রী গিরিরাজ সিং মন্তব্য করেছেন। কলকাতায় আজ সাংবাদিকের প্রশ্নের উত্তরে তিনি বলেন, মুখ্যমন্ত্রী বাংলাকে বাংলাদেশ তৈরি করতে চাইছেন। তাই বি এস এফ-এর মত বাহিনী যারা দেশকে রক্ষা করছে তাদের ওপর দায় চাপাচ্ছেন। কেন্দ্রীয় মন্ত্রী জানান, বর্তমানে বাংলায় এরাজ্যের সংখ্যালঘুদের তুলনায় রোহিঙ্গা এবং বাংলাদেশীর সংখ্যা বেশি। মুখ্যমন্ত্রীর সততা থাকলে সংশোধিত নাগরিকত্ব আইন চালু করুণ বলেও তিনি চ্যালেঞ্জ ছুঁড়ে দেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

অবৈধভাবে সীমান্ত পেরিয়ে বাংলাদেশ যাওয়ার পথে সেদেশের চার নাগরিককে স্বরূপ নগর থানার পুলিশ গ্রেফতার করেছে। এদের আজ বসিরহাট মহকুমা আদালতে তোলা হলে, ১৪ দিনের জেল হেফাজতে পাঠানো হয়। পুলিশ জানিয়েছে, স্বরূপনগরের ভারত – বাংলাদেশ তারালি সীমান্ত দিয়ে ওই চারজন বাংলাদেশে যাওয়ার চেষ্টা করছিল। সীমান্তরক্ষী বাহিনীর জওয়ানরা তাদের জিজ্ঞাসাবাদ করলে বৈধ কাগজপত্র দেখাতে না পারায় পুলিশের হাতে তুলে দেয়। প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা গেছে, ধৃতদের বাড়ি বাংলাদেশে। অবৈধভাবে তারা বছর তিনেক আগে এদেশে প্রবেশ করে। তারপর থেকে পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় কাজ করতো।

০০০০০০০০০০০০০০০০০০০০

বীরভূমের দেউচা পাচামি কয়লা প্রকল্পের কাজের অগ্রগতি নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল প্রশাসনিক বৈঠকে তীব্র অসন্তোষ প্রকাশ করার পরেই তার নির্দেশে মুখ্যসচিব মনোজ পন্থ আজ ঐ এলাকা পরিদর্শন করেন।

সঙ্গে ছিলেন রাজ্য পুলিশের মহানির্দেশক রাজীব কুমার, পশ্চিমবঙ্গ বিদ্যুত উন্নয়ন নিগমের সচিব পিবি সেলিম। মুখ্যসচিব মহম্মদবাজার পঞ্চায়েত সমিতির দপ্তরে জেলাশাসক বিধান রায়,  বর্ধমান রেঞ্জের ডি আই জি শ্যাম সিংহ, জেলা পুলিশ সুপার রাজনারায়ন মুখোপাধ্যায়ের সঙ্গে প্রকল্পের বর্তমান অবস্থা নিয়ে বৈঠক করেন।নবান্ন সূত্রে জানা  গিয়েছে পরে তারা প্রকল্পে এলাকায় গিয়ে স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কথা বলেন  ।

উল্লেখ্য এই প্রকল্পে রাজ্য সরকার ২০২১ সালে প্যাকেজ ঘোষনা করলেও অনেক জমিদাতাকেই জমির উচিত মূল্য ও অন্যান্য সুবিধা দেওয়া হয়নি বলে অভিযোগ ।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের দক্ষিণবঙ্গের জেলা হুগলি থেকে ক্ষুদ্র, মাঝারি ও ছোট শিল্পে দুই হাজার ২৬০ কোটি টাকা বিনিয়োগের প্রস্তাব এসেছে। চুঁচুড়া রবীন্দ্রভবনে আয়োজিত সিনারজি কনক্লেভে উপস্থিত  জেলার প্রায় পাঁচশো জন শিল্পদ্যোগী আজ এই বিনিয়োগের প্রস্তাব দিয়েছেন বলে সরকারিভাবে জানানো হয়েছে। এই জেলায় শিল্পের উন্নয়নে গত এপ্রিল থেকে সেপ্টেম্বর পর্যন্ত বিভিন্ন শিল্প উদ্যোগীকে তিন হাজার ২৮৪ কোটি টাকা ব্যাংক ঋণ দেওয়া হয়েছে। এছাড়াও বাংলাশ্রী প্রকল্পে ১৪টি ইউনিটকে ১ কোটি ৮৮ লক্ষ টাকা ভর্তুকি দেওয়া হয়েছে বলে নবান্ন থেকে জারি করা এক সরকারি বিবৃতিতে জানানো হয়েছে। গত মাস পর্যন্ত এই জেলায় থাকা প্রায় ৮০ হাজার ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্পে কর্মসংস্থান হয়েছে ৪ লক্ষ ৬০ হাজার মানুষের ।

০০০০০০০০০০০০০০০০০০

স্কুলে শিক্ষকদের হাজিরা সংক্রান্ত নিয়ম কঠোর করা হচ্ছে। রাজ্য শিক্ষা দফতরের পক্ষ থেকে এক নির্দেশিকা জারি করে স্পষ্ট জানানো হয়েছে এবার থেকে শিক্ষকদের সকাল ১০টা ৩৫ মিনিটের মধ্যে স্কুলে ঢুকতে হবে । ১০-টা ৪০-মিনিটে শুরু হবে প্রার্থনা।

কেউ বেলা ১১টা ১৫ মিনিটের পরে আসেন তাহলে তাঁকে অনুপস্থিত হিসেবেই ধরা হবে|

পাশাপাশি বিকেল সাড়ে চারটের আগে কেউই স্কুল থেকে চলে যেতে পারবেন না| একই সঙ্গে শিক্ষকদের মোবাইল ব্যবহার করার ওপরেও কঠোর বিধি নিষেধ আরোপ করা হয়েছে।

oooooooooooooooooooo

রাজ্য সরকারের পোষিত এবং সাহায্যপ্রাপ্ত স্কুলের শিক্ষক ও শিক্ষকর্মীদের বেতন সর্বোচ্চ পর্যায়ে পৌঁছে যাওয়ার পরেও তা বৃদ্ধি হবে। অর্থ দফতর থেকে সবুজ সংকেত আসার পরেই বিজ্ঞপ্তি জারি করে এই কথা জানিয়েছে শিক্ষা দফতর।

oooooooooooooooooooo

জোরালো উত্তুরের হাওয়ায় রাজ্যে তাপমাত্রা নিম্নমুখী। আগামী সাতদিন দক্ষিণবঙ্গে ঠান্ডা একই রকম থাকবে বলে আলিপুর আবহাওয়া দফতর সূত্রে জানা গেছে। রবিবার থেকে অবশ্য উত্তরবঙ্গের কয়েকটি জেলায় বিক্ষিপ্ত বৃষ্টির পূর্বাভাষ দেওয়া হয়েছে।

দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং, আলিপুরদুয়ারে হাল্কা বৃষ্টি হতে পারে। উত্তরবঙ্গের জেলাগুলিতে সকালের দিকে ঘন কুয়াশার এবং দক্ষিণবঙ্গের পশ্চিম বর্ধমান, বীরভূম ও মুর্শিদাবাদে মাঝারি কুয়াশার সতর্কতা জারি করা হয়েছে।

পুরুলিয়ায় আজ তাপমাত্রার পারদ নেমে যায় ৬ দশমিক ১ ডিগ্রী সেলসিয়াসে।

কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ২১ দশমিক ৮ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা, তিন দশমিক ৩ ডিগ্রী কম। সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৩ দশমিক ২ ডিগ্রী সেলসিয়াস, যা স্বাভাবিকে থেকে ১ ডিগ্রী কম।

০০০০০০০০০০০০০০০০০০০০

শীতকালীন সব্জি বাজারে আসতে শুরু করায় খুচরো বাজারে আলু, পেঁয়াজ থেকে শুরু করে অন্যান্য সবজির দাম কিছুটা কমেছে। কৃষি বিপণন দফতরের সাপ্তাহিক রিপোর্টে কলকাতা সহ বিভিন্ন এলাকার বাজারদর পর্যালোচনা করে একথা জানানো হয়েছে। তবে অসাধু ব্যবসায়ী ও ফড়েরা যাতে কৃত্রিমভাবে দাম বাড়াতে না পারে সেজন্য নিয়মিত নজরদারির উপর জোর দেওয়া হচ্ছে। রাজ্য সরকার নিযুক্ত টাস্ক ফোর্সের সদস্যরা আজ পুলিশ ও এনফোর্সমেন্ট ব্রাঞ্চকে সঙ্গে নিয়ে কলকাতার মানিকতলা বাজার ও শ্রীমানি মার্কেটে হানা দেন। ক্রেতা, বিক্রেতা সকলের সঙ্গেই তাঁরা কথা বলেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকারের জন শিক্ষা ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের উদ্যোগে আজ মধ্য কলকাতার রামলীলা পার্কে সূচনা হলো পঞ্চম কলকাতা জেলা বইমেলা। এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন পশ্চিমবঙ্গ সরকারের জনশিক্ষা ও গ্রন্থাগার পরিষেবা দফতরের ভারপ্রাপ্ত মন্ত্রী সিদ্দিকুল্লাহ চৌধুরী। তিনি বলেন ,বই সেতুবন্ধনের কাজ করে। অজানা বিষয়ের সাথে মানুষের পরিচয় ঘটিয়ে দেয় বই।

এ প্রসঙ্গে এপিজে আবুল কালামের উদ্ধৃতি তুলে ধরে শ্রী চৌধুরী বলেন ,এপিজে আবুল কালাম বলেছিলেন এক হাজার বন্ধুর থেকেও বই হল উত্তম বন্ধু।

বাইট

মেলা চলবে ৯ জানুয়ারি পর্যন্ত। বেলা সাড়ে বারোটা থেকে সন্ধ্যে সাড়ে সাতটা পর্যন্ত এই বইমেলা উৎসাহী বই প্রেমীদের জন্য খোলা থাকবে। মেলায় কোন প্রবেশ মূল্য থাকছে না। কলকাতা জেলা বইমেলায় প্রায় আশিটি বুক স্টল থাকছে বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০

মেদিনীপুর কলেজ এবং পশ্চিমবঙ্গ সরকারের ডিপার্টমেন্ট অফ সায়েন্স অ্যান্ড টেকনোলজি অ্যান্ড বায়োটেকনোলজি এর যৌথ উদ্যোগে আজ মেদিনীপুর কলেজে

অনুষ্ঠিত হয়, সপ্তম রিজিওনাল সায়েন্স অ্যান্ড টেকনোলজি কংগ্রেসের সূচনা হয় আলোচনা সভার মাধ্যমে। বাঁকুড়া, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর, পূর্ব মেদিনীপুর এবং পুরুলিয়া এই পাঁচটি জেলাকে নিয়ে গঠিত রিজিওনাল সায়েন্স অ্যান্ড টেকনোলজি কংগ্রেস রিজিয়ন ফোর- এর শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে নিয়ে এই কংগ্রেস হচ্ছে।

oooooooooooooooooo

পশ্চিম বর্ধমানে ইসিএল-এর পান্ডবেশ্বর খোট্টাডিহি কোলিয়ারীর দু-নম্বর পীঠে আজ সকালে কনভেয়ার ব্লেটে পড়ে গিয়ে এক শ্রমিকের মৃত্যু হয়েছে। মৃত মহিমারঞ্জন রজক জামুড়িয়ার শিবপুরের বাসিন্দা। স্বপরিবারে তিনি কোলিয়ারির আবাসনে থাকতেন। কাজ করার সময় আজ অসাবধানতাবশত কনভেয়ার ব্লেটে পড়ে জড়িয়ে গেলে এই দুর্ঘটনা ঘটে।

এদিকে, দুর্ঘটনার খবরে অন্য শ্রমিকরা কোলিয়ারী চত্ত্বরে দেহ রেখে ক্ষতিপূরণের দাবি জানাতে থাকেন। পরে এলাকার বিধায়ক নরেন্দ্রনাথ চক্রবর্তীও ঘটনাস্থলে যান। পরে মৃতের পরিবারের একজনকে চাকরির আশ্বাসে অবরোধ তুলে নেওয়া হয়।

ooooooooooooooooooo

মুর্শিদাবাদ পৌরসভার ৮ নং ওয়ার্ডের নাকুড়তলায় বোমা বাঁধতে গিয়ে ভয়াবহ বিস্ফোরণের ঘটনায় আজ সন্ধেয় ব্যাপক চাঞ্চল্য ছড়ায়। ঘটনায় জখম ফরিদ শেখ নামে এক যুবক। তার বাড়ির মধ্যেই বোমা বেধে মজুত করা হচ্ছিলো বলে অভিযোগ। বিস্ফোরণের তীব্রতায় উড়ে যায় বাড়ির চাল। ঘটনার প্রকৃত তদন্তের দাবীতে মুর্শিদাবাদের বিজেপি বিধায়ক গৌরী শংকর ঘোষের নেতৃত্বে লালবাগে আজ পথ অবরোধ করে বিক্ষোভ দেখান বিজেপি নেতা কর্মীরা। বিস্ফোরণের স্থল থেকে পুলিশ বেশ কিছু নমুনা সংগ্রহ করেছে।

ooooooooooooooooooo

সেকেন্দ্রাবাদের জিমখানা গ্রাউন্ডে আজ বিজয় হাজারে ট্রফি ক্রিকেটে বাংলা বিহারকে ৬ উইকেটে হারিয়ে দিয়েছে। বাংলা টসে জিতে বিহারকে ব্যাট করতে পাঠায়।

বিহার প্রথমে ব্যাট করে ৪৯ ওভারে ২৩৫ রানে অলআউট হয়ে যায়। পীযুষ সিং ৮৯, বিপিন সৌরভ ৩৪ রান করেন।

বাংলার প্রদীপ্ত প্রামানিক তিনটি, করণ লাল ও মুকেশ কুমার দুটি করে উইকেট নিয়েছেন। জবাবে ব্যাট করতে নেমে বাংলা ৪ উইকেট হারিয়ে ৪২ ওভার ৩ বলে লক্ষ্যে পৌঁছে যায়। অধিনায়ক সুদীপ কুমার ঘরামি ১০৭ রানে অপরাজিত থাকেন। অভিষেক পোরেল করেন ৫৫ রান। সুরজ কাশ্যপ ও হিমাংশু সিং দুটি করে উইকেট নেন।

সুদীপ কুমার ঘরামি ম্যাচের সেরা হয়েছেন। বাংলা ৫ ম্যাচে ৪ টিতে জিতে ১৮ পয়েন্ট নিয়ে গ্রূপ ইর শীর্ষে রয়েছে।

রবিবার হায়দ্রাবাদের রাজীব গান্ধী আন্তর্জাতিক স্টেডিয়ামে বাংলা গ্রূপপর্বের শেষ ম্যাচে মধ্যপ্রদেশের বিরুদ্ধে খেলবে।

ooooooooooooooooooo

ooooooooooooooooooo

ooooooooooooooooooo